"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০৭.১৯- ৬০৫ তারিখ: ১৮.০৭.২০১৯খ্রি.

বিষয়: কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলাধীন দাউদপুর বানাইল আলিম মাদ্রাসার ইবতেদায়ী শাখার সহকারী শিক্ষক জনাব মো: আ: হেলিম ভূঁইয়া (ইনডেক্স নং-৩৩৪০২২) এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১)দাউদপুর বানাইল আলিম মাদ্রাসার আবেদন তারিখ: ২১.০৪.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলাধীন দাউদপুর বানাইল আলিম মাদ্রাসার ইবতেদায়ী শাখার সহকারী শিক্ষক জনাব মো: আ: হেলিম ভূঁইয়া সাময়িক বরখাস্ত থাকাকালীন জানুয়ারী/২০০৬ হতে নভেম্বর/২০১৭ পর্যন্ত ৮,৬৮,২১৬/- (আট লক্ষ আটষট্টি হাজার দুইশত ষোল টাকা) মাত্র বকেয়া বেতন ভাতার সরকারী অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, গভর্নিং বডির সিদ্ধান্ত ক্রমে রেজুলেশন পূর্বক বিগত ১৭.১২.২০১৭ খ্রি ইবতেদায়ী শাখার সহকারী শিক্ষক জনাব মো: আ: হেলিম ভূঁইয়ার সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে এবং তিনি স্বপদে যোগাদান করেন।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে "প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।"

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভূক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ, দাউদপুর বানাইল আলিম মাদ্রাসা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

18.07.19
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ,
দাউদপুর বানাইল আলিম মাদ্রাসা।
ডাক: বানাইল, উপজেলা: তাড়াইল, জেলা: কিশোরগঞ্জ।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
৩। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
৫। সভাপতি, দাউদপুর বানাইল আলিম মাদ্রাসা, ডাক: বানাইল, উপজেলা: তাড়াইল, জেলা: কিশোরগঞ্জ।
৬। অফিস কপি।